গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০১৯.১৪.০০৮.১৪-১১১

তারিখঃ ০৮ বৈশাখ, ১৪২৮
২১ এপ্রিল, ২০২২

বিষয়ঃ প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয়ে "বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের উপর রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ১০ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

(মুহাম্মদ আব্দুস সালাম)
উপসচিব
ফোন: ৪১০৫০২৩৮
planning2mor@gmail.com

বিতরণ (সদয় অবগতি/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব, বাজেট-৫)
২। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)
৩। সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: মহাপরিচালক, সেক্টর-২)
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, ভৌত অবকাঠামো উইং)
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ:আ: যুগ্ম প্রধান, রেল পরিবহণ উইং)
৬। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা
৭। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
৯। অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো/রোলিং স্টক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১০। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১১। যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১২। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১৩। উপসচিব, উন্নয়ন-৩ শাখা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
১৪। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১৬। প্রকল্প পরিচালক, "বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প
১৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি আপলোড করার অনুরোধসহ)
৩. উপসচিব, এপিএ মনিটরিং সেল, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

পরিকল্পনা-২ শাখা

রেলভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা

বিষয়ঃ "বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)-এর সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : ১০ এপ্রিল, ২০২২, বেলা ০১.০০ টা |
| স্থান | : রেল ভবনস্থ সম্মেলন কক্ষ (কক্ষ নং-৯৩০), রেলভবন, ঢাকা |

সভায় বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক, রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), যুগ্মসচিব (পরিকল্পনা/উন্নয়ন), উপসচিব (পরিকল্পনা-১/উন্নয়ন-৩), সিনিয়র সহকারি সচিব (পরিকল্পনা-৩), বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), প্রধান পরিকল্পনা কর্মকর্তা, প্রকল্প পরিচালক, জ্যেষ্ঠ পরিকল্পনা কর্মকর্তা-২ উপস্থিত ছিলেন। এছাড়া, সভায় অর্থ বিভাগ, পরিকল্পনা বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধিগণ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম, ভৌত অবকাঠামো ও সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধিগণ অনলাইনে সংযুক্ত ছিলেন। উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-'ক' তে সংযুক্ত।

**২.০। উপস্থাপনা ও আলোচনা**

২.১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় প্রকল্প বিষয়ে তথ্যাদি উপস্থাপন করতে বলেন। অত:পর প্রকল্প পরিচালক প্রকল্পটির উদ্দেশ্য, প্রাক্কলিত ব্যয়, কাজের অগ্রগতি তুলে ধরে প্রকল্পটির কার্যকাল বৃদ্ধির যৌক্তিকতা ব্যাখ্যা করেন এবং প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন।

২.২। প্রকল্প পরিচালক সভায় জানান, "বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের লেভেল ক্রসিং গেইটসমূহের পুনর্বাসন ও মান উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পেটি ২৫.০৬.২০১৫ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপিতে ১০৩৮ জন গেট কিপার নিয়োগের সংস্থান রয়েছে। প্রকল্পভুক্ত অবকাঠামোসহ অন্যান্য উন্নয়ন কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। মূল ডিপিপিতে আউট সোর্সিং এর মাধ্যমে গেট কিপার নিয়োগের সংস্থান ছিল। প্রকল্পটি একনেক সভায় উপস্থাপন ও অনুমোদনের সময় গেট কিপারের পদে যথেষ্ট সচেতনতা, দায়িত্বশীলতা ও জবাবদিহিতার প্রয়োজন রয়েছে বিধায় আউটসোর্সিং এর পরিবর্তে সরাসরি নিয়োগের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক গেট কিপার নিয়োগ করা হয়। কিন্তু গেট সুরক্ষা এবং জান-মালের ক্ষতিরোধে গেট কিপারের পদে রাজস্ব খাতে স্থায়ী পদ সৃজন করা প্রয়োজন বিধায় উক্ত প্রকল্পের আওতায় অস্থায়ীভাবে সৃজনকৃত ১০৩৮ জন গেট কিপারের পদে ও বিপরীতে রাজস্ব খাতে পদ সৃজন এবং স্থানান্তরের নিমিত্ত পূর্বাঞ্চলের প্রস্তাবনা ১৩.০২.২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রেরণ করা হলে উক্ত মন্ত্রণলয় হতে জানানো হয়, অর্থ বিভাগের ৩০শে সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ৭০৭ নং স্মারকের আলোকে জুলাই ১৯৯৭ এবং তৎপরবর্তীতে শুরু হওয়া প্রকল্পের পদ রাজস্ব খাতে স্থানান্তরের সুযোগ নেই। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণের আলোকে রেলপথ মন্ত্রণালয়ে হতে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব

প্রেরণের জন্য অনুরোধ জানানো হলে প্রস্তাবটি ২৭.০৩.২০২২ তারিখে প্রকল্প পরিচালকের দপ্তর হতে বাংলাদেশ রেলওয়ে বরাবর প্রেরণ করা হয়। তিনি বলেন, সকল ধাপ সমপন্ন করতে দুই বছরের অধিক সময়ের প্রয়োজন হবে। এ প্রকল্পের আওতায় মানোন্নয়কৃত লেভেল ক্রসিং গেট তথা ঘুমটি ঘর ও অন্যান্য অবকাঠামোসমূহ অরক্ষিত থাকলে রেল ও সড়কযানের নিরাপত্তা ব্যহত হতে পারে। তিনি সার্বিক অবস্থা বিবেচনা করে প্রকল্পটির মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধির ব্যবস্থা নিতে সভায় অনুরোধ করেন।

২.৩। উপরিউক্ত উপস্থাপনের পরিপ্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন, দেশে বহুমুখী যোগাযোগ ব্যবস্থা এবং এর সম্প্রসারণের কারণে নতুন করে রেলগেট নির্মাণ এবং নির্মিত গেটে সুরক্ষা প্রয়োজন। আলোচ্য প্রকল্পের অধীনে ৩৪৬টি গেট সুরক্ষার জন্য ১০৩৮ টি পদে জনবল নিয়োগের সংস্থান রয়েছে। প্রকল্পটির মেয়াদ শেষ হওয়ায় প্রকল্পের আওতায় নিয়োগপ্রাপ্ত গেট কিপার দ্বারা এসব গেটের নিরাপত্তা বিধান সম্ভব হবে না। আবার রাজস্বখাতে পদ সৃজন করে জনবল নিয়োগ সময়সাপেক্ষ বিধায় চলমান প্রকল্পটির মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধি করে নিয়োগকৃত গেট কিপারের মাধ্যমে এসব গেটে সুরক্ষা দেওয়া যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধিতে একমত পোষণ করা হয়।

৩.০। **সিদ্ধান্ত**

বিস্তারিত আলোচনান্তে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাবটি অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়।

৪.০। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

20/08/2022

(ড. মোঃ হুমায়ুন কবীর)
সচিব